# Sanatan Dharma

---

**সত্য নারায়নের শিরনি**

প্রশ্নঃ
অনেক জায়গায় সত্য নারায়ণ পুজোয় সত্য নারায়নের শিরনিতে কলাপাতায় পাঁচ ভাগে যে শিরনি নিবেদন করা হয় তা কাদের উদ্দেশ্যে?

উত্তরঃ

সত্যনারায়ণ পূজার নিয়মেই আছে পাঁচ ভাগে শিরনী ভাগ করে দিতে হবে তীরপিঠে বা মোকামের পাশে দিতে হবে। স্কন্ধ পুরাণ অনুসারে পঞ্চ দেবতার পূজা ছাড়া সর্বাগ্রে নারায়ণ পূজা অসম্ভব।

পঞ্চদেবতা যথাক্রমে গনেশ, সূর্য্য, শিব, দূর্গা, চতুর্পাশে এবং মাঝখানে সত্যনারায়ণ/নারায়ন এর পিঠ বসিয়ে সিন্নি নিবেদন করা হয়। যেহেতু পঞ্চ দেব-দেবী কে নিবেদন করে পূজানুষ্ঠান করা হয়, তাই শিরনী ও পাঁচ ভাগে দেয়া হয়।সিন্নি নিবেদনের বিশেষ মন্ত্র আছে।

অনেকে হয়তো জানেন পঞ্চ পীর এর কথা, তাঁরা হলেন ইউনুস, হূদ, ইব্রাহিম, নূহ এবং হযরত মোহাম্মদ (স)। কিন্তু এই ধারণা সম্পুর্ণ ভুল।

সম্রাট বাবর এর আমলে যখন হিন্দুদের পূজা করা নিষেধ ছিল এবং পূজা করলে অত্যাচার হতো তখন প্রচলিত পাঁচালীর মধ্যে লেখকরা ইচ্ছাকৃত ভাবে কিছু আরবী/ফারসী শব্দ ব্যবহার করেন।যাতে মুসলিম রা মনে করে সত্যনারায়ণ হলেন একজন পীর যাঁর নাম "সত্যপীর"। এজন্য সত্যপীরের পূজা মুসলিম দের মধ্যে ও জনপ্রিয়তা লাভ করে।

বস্তুত স্কন্দ পুরাণ এর " রেবা খন্ডোক্ত" অধ্যায় তেই সত্যনারায়ণ এর মূল ব্রত কথা আছে।এর সাথে পীর-পয়গম্বর এর সম্পর্ক নেই।

আপনাদের সবার সুবিধার্থে "সত্যনারায়ণ পূজার" সিন্নি নিবেদনের মন্ত্র দিয়ে দিলাম।সিন্নি তে চালের গুঁড়া ব্যবহার করলে মন্ত্রের যে ভিন্নতা হবে তা ও দিলাম।নমষ্কার সবাইকে।

সিন্নি নিবেদনের মন্ত্রঃ"
ওঁ সপাদং গোধূম-চূর্ণং দুগ্ধরম্ভাদিশর্করম।।
সঘৃতৈকী কৃতং সর্ব্বং নৈবেদ্যং গৃহ্যতাং প্রভো।।
এতৎ গোধূম-চূর্নং দুগ্ধরম্ভাশর্করাদীকৃতনৈবেদ্যং
ওঁ নমোঃ সত্যনারায়ণায় নিবেদয়ামি।।

যদি ময়দার পরিবর্তে চালের গুড়া সিন্নিতে ব্যবহার হয় তবে নিচের মন্ত্র হবে।

চালের গুঁড়া দ্বারা সিন্নি নিবেদনের মন্ত্রঃ
ওঁ সপাদং শালী-চূর্ণং দুগ্ধরম্ভাদিশর্করম।।
সঘৃতৈকী কৃতং সর্ব্বং নৈবেদ্যং গৃহ্যতাং প্রভো।।
এতৎ শালী-চূর্নং দুগ্ধরম্ভাশর্করাদীকৃতনৈবেদ্যং
ওঁ নমোঃ সত্যনারায়ণায় নিবেদয়ামি।।

Published on: Jan, 14 2023 11:59